# জীবননগর উপজেলা পরিষদের আগস্ট-২০২২খ্রি. মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।

তারিখ ঃ ১১-৮-২০২২খ্রি., সময় ঃ সকাল - ১০:০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভা নং ঃ ০২/২০২২-২৩ অর্থবছর।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার উপদেষ্টা জনাব হাজী মোঃ আলী আজগার টগর, মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২, জনাব মোছাঃ আয়েশা সুলতানা, মহিলা ভাইস চেয়ারম্যান এবং জনাব মোঃ আঃ সালাম, ভাইস চেয়ারম্যান সভায় উপস্থিত ছিলেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ আরিফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

ঃ সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | গত জুলাই-২০২২খ্রি. মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সভায় সকল সদস্যের সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| ০২ | উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ অফিসার ইনচার্জ, জীবননগর থানা বলেন যে - উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভালো রাখার জন্য আমরা সব সময় চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমাদের পাশাপাশি ইউনিয়ন পরিষদে নিয়োজিত যেসকল গ্রাম পুলিশ আছে তাদের পোশাক পরিধান করে দিনের বেলায় পাহারা দেওয়ার ব্যবস্থা করলে চুরিগুলি আর হবে না। এবিষয়ে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হয়। আমরা আমাদের নিজের ছেলে-মেয়েদের দিকে নজর রাখবো। সে কোথায় যাচ্ছে, কাদের সাথে চলাফেরা করছে, ঠিকমত স্কুলে যাচ্ছে কি না। এবিষয়ে সকল অভিভাবকদের সতর্ক থাকতে হবে। বাল্য বিবাহের বিরুদ্ধে আমাদের সতর্ক থাকতে হবে। কেউ যাতে বাল্য বিবাহ দিতে না পারে সেবিষয়ে সবাইকে নজর রাখতে হবে। উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক ও মাদক বিরোধী অভিযান অব্যহত রাখার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। | উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক রাখতে হবে এবং মাদক বিরোধী অভিযান অব্যহত রাখাতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, জীবননগর থানা। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ০৮-৬-২০২২খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - করোনা ভাইরাসের বুস্টার ডোজের টিকা কার্যক্রম চলমান আছে। সরকারী ছুটির দিন ব্যতিত প্রতিদিন টিকা দেওয়া হচ্ছে। বুস্টার ডোজ টিকা গতকাল পর্যন্ত ৩৩.৯০% দেওয়া হয়েছে। সরকারী নির্দেশনা অনুযায়ী ৫০% বুস্টার ডোজ টিকা দিতে হবে। যারা এখনও পর্যন্ত বুস্টার ডোজ টিকা গ্রহন করেনি তাদের টিকা নিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসার জন্য অনুরোধ করেন এবং টিকা নেওয়ার বিষয়ে উৎসাহ দিতে সকলের সহযোগিতার কামনা করা হয়। আগামী ২৬-৮-২০২২খ্রি. তারিখ থেকে প্রাথমিক স্কুল পর্যায়ে ০৫-১১ বছর বয়সের শিশুদের ভ্যাকসিন কার্যক্রম শুরু করা হবে। আমরা যেন ১০০% শিশুদের টিকার আওতায় আনতে পারি | (ক) করোনা ভাইরাসের বুস্টার ডোজ ভ্যাকসিন কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। যারা এখনও পর্যন্ত বুস্টার ডোজ টিকা গ্রহন করেনি তাদের টিকা দেওয়ার জন্য অনুরোধ করা হয় এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে সুন্দর ফুলের বাগান করে পরিষ্কার পরিচ্ছন্ন রাখায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | এবং সবাইকে সুরক্ষিত করতে পারি। সেক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করা হয়। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এখন থেকে প্রতি মঙ্গলবার সিজার-এর রুগী অপারেশন করা হচ্ছে। কোন রুগী থাকলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানোর জন্য অনুরোধ করা হয়। | (খ) ৫-১১ বছর বয়সের শিশুদের জন্য টিকা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ০৪ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</u> ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, গত ০৮-৬-২০২২খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - জীবননগর উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের জুলাই-২০২২খ্রিঃ মাসে পরিবার পরিকল্পনা কার্যক্রমের বিবরণী নিম্নে উল্লেখ করা হলো ঃ<br>(ক) <u>পরিবার পরিকল্পনা কার্যক্রমের অগ্রগতি</u> ঃ<br>মোট সক্ষম দম্পত্তি - ৩৮৩০৫<br>মোট গ্রহনকারীর সংখ্যা - ৩১৫২৮<br>মোট গ্রহনকারীর শতকরা হার - ৮২.৩১%<br>স্থায়ী পদ্ধতির লক্ষমাত্রা - ১৬, অর্জন - ১৮ = ১১২%<br>আইইউডি পদ্ধতির লক্ষমাত্রা - ১৮, অর্জন - ২২ = ১২২%<br>ইমপ্লান্ট পদ্ধতির লক্ষমাত্রা - ৪৩, অর্জন - ৬৭ = ১৫৬%<br><u>মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের অগ্রগতি</u> ঃ<br>উপজেলার মোট গর্ভবতীর সংখ্যা - ১৪৫৩ জন<br>গর্ভবতী মায়ের যত্ন - ৫২০ জন<br>ডেলিভারী - ০৩ জন<br>গর্ভোত্তর যত্ন - ২২৭ জন<br>শিশু সেবা - ৭৬৮ জন<br>সাধারণ রোগী সেবা - ১৮৫৩ জন<br>(খ) আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে পরিবার পরিকল্পনা বিভাগের সকল সেবা কেন্দ্র খোলা থাকবে। আপনার সবাইকে সেবা নিতে আসতে বলবেন। ১৫ আগস্ট উপলক্ষে আমাদের বিশেষ পরিবার পরিকল্পনা-ক্যাম্প অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠান উপলক্ষে আমরা সকল প্রস্তুতি সম্পন্ন করেছি। | (ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়।<br>(খ) আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিশেষ পরিবার পরিকল্পনা সেবা ক্যাম্পে সেবা নিতে আসা সকল রুগীদের সুন্দর পরিবেশে সেবা প্রদানের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জীবননগর। |
| ০৫ | <u>উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা কৃষি অফিসার বলেন যে, গত ০৮-৫-২০২২খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভা হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন -<br>(ক) বর্তমান সরকার গত ০১-৮-২০২২খ্রি. তারিখে ইউরিয়া সারের দাম বৃদ্ধি করেছিলেন প্রতি কেজিতে ৬/- টাকা করে। বাজারে এখন পর্যন্ত সারের কোন ঘাটতি নাই। ইউরিয়া সার এখন প্রতি কেজি ২২/- টাকা। কৃষকদের পাট পচানো নিয়ে সমস্যা দেখা দিয়েছিল। বৃষ্টি কম হওয়ার কারনে উন্মুক্ত জলাশয়ে পাট পচানোর কোন জায়গা ছিল না। এখন সেই সমস্যাটি আর নেই। মাননীয় প্রধানমন্ত্রীর একটি বিশেষ উদ্যোগ পারিবারিক পুষ্টি বাগান। গ্রামের যেসকল কৃষকরা তাদের বসত বাড়ীতে ফাকা জায়গায় পুষ্টি বাগান করতে চান তাদেরকে উপজেলা কৃষি অফিস থেকে বীজ ও সার দিয়ে সহযোগিতা করা হবে। উক্ত বিষয়ে প্রচার ও সহযোগিতার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | (ক) যেসকল কৃষকরা তাদের বসত বাড়ীতে ফাকা জায়গায় পারিবারিক পুষ্টি বাগান করতে ইচ্ছুক তাদেরকে উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করানোর জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, জীবননগর ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। |
| | (খ) প্রতি বছর কৃষকদের বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার দেওয়া হয়। ১৪২৭ ও ১৪২৮ এই দুই বছরের মনোনয়ন দেওয়ার জন্য ওয়েবসাইটে | (খ) বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কারের মনোনয়ন দেওয়ার | উপজেলা কৃষি অফিসার, |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | আবেদনপত্র আছে এবং উপজেলা কৃষি অফিসেও কৃষকরা আবেদন করতে পারবেন। আগামী ২৯-৮-২০২২খ্রি. তারিখের মধ্যে আবেদন করলে যাচাই-বাছাই করে দ্রুত পাঠিয়ে দেওয়া হবে। উক্ত বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করা হয়। | জন্য সেসকল কৃষকরা আবেদন করতে ইচ্ছুক তাদের উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করানোর জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | জীবননগর। |
| ০৬ | <u>উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ মৎস্য বিভাগীয় ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, গত ০৮-১২-২০২১খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। (ক) গত মাসে জাতীয় মৎস্য সপ্তাহ-২২ উদ্‌যাপন করা হয়েছে। এজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। এউপলক্ষ্যে উপজেলা পুকুরে পোনা অবমুক্ত করা হয়েছে। আমাদের প্রান্তিক পর্যায়ে চাষীদের সাথে মতবিনিময় সভা করা হয়েছে। | (ক) জাতীয় মৎস্য সপ্তাহ-২২ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জীবননগর। |
| | (খ) রাজস্বখাতের আওতায় প্রতিবছর পোনা মাছ উন্মুক্ত জলাশয়ে অবমুক্ত করা হয়। এবছরও বরাদ্দ এসেছে। পোনা মাছ অবমুক্ত করার জন্য মিটিং করা প্রয়োজন। | (খ) পোনা মাছ অবমুক্ত করার বিষয়ে সভার আয়োজন করতে হবে। | |
| ০৭ | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</u> ঃ উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ অফিসার বলেন যে, গত ০৮-১২-২০২১খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন,<br>(ক) জুলাই মাসের চিকিৎসা কার্যক্রমের মধ্যে গরু- ৬২৫টি, ছাগল- ১,৫৩৫টি, ভেড়া- ১৪৫টি, মুরগি- ৬,২২৪টি, হাঁস- ৭২৫টি এবং কবুতর- ৩,৪৭৫টি। আমাদের প্রাণিসম্পদের প্রায় ৩২-৫০% উৎপাদন ব্যহত হয় শুধুমাত্র বিভিন্ন রোগ-বালাই-এর কারনে। আমরা রোগ-বালাইগুলি নির্মুল করার জন্য কাজ করে যাচ্ছি। | (ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ অফিসারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ অফিসার, জীবননগর। |
| | (খ) আইন অনুযায়ী ভেটেরিনারি ডাঃ পশু-পাখির চিকিৎসা কার্যক্রম করবে। কিন্তু জীবননগরের মত সারা বাংলাদেশে হাতুরে ডাঃ দ্বারা অপচিকিৎসার কারনে খামারীরা অনেক ক্ষতিগ্রস্থ হচ্ছে। খামারিরা যাতে ক্ষতিগ্রস্থ না হয় সেজন্য তাদের বিরুদ্ধে আইন প্রয়োগ করা জরুরী হয়ে পড়েছে। উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | (খ) চিকিৎসার নামে যারা অপচিকিৎসা করছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |
| | (গ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী মাংস উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ অর্জন করেছি এবং ডিম উৎপাদনেও স্বয়ংসম্পূর্ণ অর্জন করার দিকে এগিয়ে যাচ্ছি। সেজন্য মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার ভিত্তিতে প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প নামে একটি প্রকল্প চালু করেছে এবং সেই প্রকল্পের কার্যক্রম চলমান আছে। সেপ্রেক্ষিতে আমরা গত মাসে প্রায় দুই হাজার গরু এবং ছাগলকে বিনামূল্যে ক্ষুরা রোগের ভ্যাকসিন প্রদান করেছি। এছাড়া গত জুলাই মাসের তথ্য অনুযায়ী দুধ উৎপাদন হয়েছে প্রায় ১,৬৯৬ মেঃ টন। মাংস উৎপাদন হয়েছে ৪,৯৫৯ মেঃ টন এবং ডিম উৎপাদন হয়েছে ৪২,৭৫০ টি। আমাদের দপ্তর থেকে বিভিন্ন দরিদ্র ছাগলের খামারিদের ০৬ জনকে মাচা পদ্ধতিতে ঘর নির্মাণ করে দিয়েছি। সেই ছাগলগুলিকে ভ্যাকসিন ও প্রয়োজনীয় ভিটামিন প্রদান করেছি এবং কীটনাশক প্রদান করেছি। | (গ) প্রধানমন্ত্রীর উদ্যোগ বাস্তবায়নে তৎপর থাকতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ অফিসার, জীবননগর। |
| | (ঘ) প্রাণীসম্পদ অধিদপ্তরের সামনে সড়ক ও জনপথ অধিদপ্তরের জমিতে গড়ে ওঠা অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। সরকারী দপ্তরের সৌন্দর্য রক্ষার্থে এই জায়গাটিতে ফুলের চারা রোপন-সহ বাউন্ডারী দেয়া হলে প্রাণীসম্পদ দপ্তরের সৌন্দর্য বৃদ্ধি পাবে। | (ঘ) সরকারী কোন দপ্তরের সামনে অবৈধ স্থাপনা থাকবে না। প্রয়োজনে উচ্ছেদ অভিযান পরিচালনা করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৮ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা প্রকৌশলী বলেন যে, গত ০৬-৬-২০২২খ্রিঃ তারিখে যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন -<br>(ক) জীবননগর উপজেলার ০৮টি ইউনিয়নে দুস্থ পরিবারের মধ্যে যে সকল টিউবওয়েলের প্রকল্প গ্রহন করা হয় সেই টিউবওয়েলগুলির পানি আর্সেনিক টেস্টের রিপোর্ট না করে টিউবওয়েল স্থাপন করা হয়। আর্সেনিক টেস্টের রিপোর্ট না করে কোন টিউবওয়েলের ফাইল যেন আমাদের দপ্তরে না দেওয়া হয়। আর্সেনিক টেস্ট না করে টিউবওয়েলের বিল প্রদান করায় আমাদের অডিট আপত্তি দিয়েছেন। উক্ত প্রকল্পটি গ্রহন করলে অবশ্যই আর্সেনিক টেস্ট করে কাজটি সম্পন্ন করার জন্য সকলকে অনুরোধ করা হয়।<br>(খ) প্রধান প্রকৌশলী মহোদয় নতুন ভাবে উদ্যোগ নিয়েছেন যে রোড আইডিগুলি এখনও পর্যন্ত এলজিইডি'র মধ্যে অন্তর্ভূক্ত হয়নি সেই রাস্তাগুলির আইডিভূক্ত করতে হবে। সে মোতাবেক জীবননগর উপজেলার যেসকল রাস্তাগুলি আইডিভূক্ত হয়নি সেই রাস্তাগুলির তালিকা মেয়র, জীবননগর পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের নিকট হইতে সংগ্রহ করা হয়। সে অনুযায়ী ৫৮১টি রাস্তা নতুন আইডিভূক্ত করার জন্য প্রস্তাবনা পাওয়া গিয়েছে। | (ক) জীবননগর উপজেলার বিভিন্ন গ্রামে স্থাপিত টিউবওয়েলগুলির পানি আর্সেনিক টেস্টের রিপোর্ট না দিলে বিল প্রদান না করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>(খ) জীবননগর উপজেলার আইডি বহির্ভূত রাস্তাগুলি দ্রুত আইডিভূক্ত করার বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| ০৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সম্পর্কিত কার্যক্রম ঃ<br>"উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের" ২০২০-২১খ্রি. অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের বিলের অর্থ ছাড় প্রসঙ্গে ঃ<br>উপজেলা প্রকৌশলী, জীবননগর বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় অত্র উপজেলার "উপজেলার অন্তর্গত বিভিন্ন মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে প্লাস্টিকের বেঞ্চ (উঁচু নীচু মিলে জোড়া) সরবরাহ", উপ-প্রকল্প নং INF-২০২০-২১-৪০১৮৫৫-০১ আওতায় ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান বেঙ্গল পলিমার ওয়ারস লিঃ, বেঙ্গল হাউজ, ৭৫ গুলশান এভিনিউ, গুলশান-০১, ঢাকা-১২১২ সর্বনিম্ন দরদাতা হিসেবে নির্বাচিত হয়। যার প্রেক্ষিতে তার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হয়। কিন্তু ঠিকাদারি প্রতিষ্ঠান এখনও মালামাল সরবরাহ করেনি। মালামাল সরবরাহ করতে গড়িমসি করছে। | ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। ব্যর্থতায় ঠিকাদারি প্রতিষ্ঠানকে কালো তালিকাভূক্ত করে CPTU -কে জানিয়ে দেওয়া হবে। | উপজেলা প্রকৌশলী, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| ১০ | উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, গত ১৪-৭-২০২২খ্রিঃ তারিখে উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অধিদপ্তরের যে কমিটি আছে সে মোতবেক কার্যক্রমগুলি পরিচালনা করা হচ্ছে। তারই অংশ হিসেবে ভাতা কার্যক্রম চলমান আছে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অবগত করে বলেন যে গতকাল সকল ইউনিয়ন পরিষদে চিঠি পাঠানো হয়েছে। প্রতিবন্ধি ভাতা এখনও আসেনি। অনলাইনে আবেদন চলমান আছে। ভাতা প্রাপ্তিকে আবেদন করার জন্য অনুরোধ করা হয়। আবেদনগুলি যাচাই-বাছাই করে পরবর্তিতে প্রকৃত ভাতা-ভোগিকে ভাতা দেওয়ার ব্যবস্থা করা হবে। | (ক) ভাতা কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা সমাজসেবা অফিসারকে ধন্যবাদ জানানো হয়।<br>(খ) যারা প্রকৃত ভাতা প্রাপ্তি তাদেরকে ভাতা দেওয়ার বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, জীবননগর পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, মেয়র, জীবননগর পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। |
| ১১ | উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, গত ১৪-৭-২০২২খ্রিঃ তারিখে উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের মাধবখালী গ্রামে ০৬টি শহীদ মুক্তিযোদ্ধাদের কবর আছে। তাদের স্মরণে এই প্রথম জাঁকজমকপূর্ণভাবে গত ০৭-৮-২০২২খ্রি. তারিখে মুক্তিযোদ্ধাদের নিয়ে অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানটি সুষ্টু ও সুন্দরভাবে সম্পন্ন করা হয়। | প্রতিবছর ৭ আগস্ট জীবননগরের শহীদ মুক্তিযোদ্ধাদের স্মরণে জাঁকজমকপূর্ণভাবে পালন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১২ | <u>উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, গত ১৪-৭-২০২২খ্রিঃ তারিখে উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - ১৫ আগস্ট জাতীয় শোক দিবস। এই দিবসকে সামনে রেখে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন এনজিও, বিভিন্ন স্বেচ্ছাসেবক সংস্থা, বিভিন্ন মসজিদ, মাদ্রাসায় বঙ্গবন্ধুর ও তার পরিবারের জন্য কোরআন খতম ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। | ১৫ আগস্ট জাতীয় শোক দিবস। সরকারি নির্দেশনা অনুযায়ী এই দিবসটি যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, জীবননগর। |
| ১৩ | <u>উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র বলেন যে, গত ০৭-০২-২০২২খ্রিঃ তারিখে পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন -<br>(ক) টেন্ডার বিজ্ঞপ্তি নং- ০৩ অব ২০২০-২১, তারিখ ঃ ১০-০১-২০২১খ্রি. অব টেন্ডার বিজ্ঞপ্তি নং- ০৬ অব ২০২১-২২, তারিখ ঃ ০২-৩-২০২২খ্রি. মূলে সন্তোষপুর মোড় হতে দেহাটি পর্যন্ত - ৩.০ কিঃ মিঃ বাগানের মোট- ৩১ টি লটের বিক্রয় মূল্য = ১৬,৩২,১১০/- টাকা এবং টেন্ডার বিজ্ঞপ্তি নং- ০৬ অব ২০২১-২২, তারিখ ঃ ০১-৩-২০২২খ্রি. মূলে মানিকপুর হতে সিংনগর হালদার পাড়া পর্যন্ত - ৪.০ কিঃ মিঃ বাগানের মোট - ০৯ টি লটের বিক্রয় মূল্য = ৬,২৪,৪১০/- টাকা। সামাজিক বনায়ন বিধিমালা ২০০৪ অনুযায়ী বিভিন্ন সংস্থার মধ্যে লভ্যাংশ বিতরণ করা প্রয়োজন।<br>(খ) ২০২২-২৩ সনের মেয়াদ উত্তীর্ণ বাগান বিক্রয় ঃ<br>* ২০০৪-০৫ সনের গোপালনগর পাকা রাস্তা হতে উমাপুর মৌজার শেষ সীমানা পর্যন্ত - ২.৫০ কিঃ মিঃ।<br>* বাঁকা ইউনিয়নের বেনে রাস্তার মোড় হতে বাহাজ্জেল খাল পর্যন্ত - ৩.০ কিঃ মিঃ।<br>* ২০০৫-০৬ সনের হাসাদাহ মোল্লাপাড়া হতে তারানিবাস প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত - ২.৫০ কিঃ মিঃ। সর্বমোট- ৮.০ কিঃ মিঃ মেয়াদ উত্তীর্ণ বাগান টেন্ডারে বিক্রয় করা প্রয়োজন।<br>(গ) ২০০৪-০৫ সনের হরিহরনগর বটতলা হতে করতোয়া হাইস্কুল পর্যন্ত - ৫.০ কিঃ মিঃ বাগানে ২০২১-২২ সনে করতোয়া খাল কাটার প্রাক্কালে বুলড্রোজার মেশিন দিয়ে ভাঙ্গা ফাঁটা নষ্ট কাঠগুলি টেন্ডারে বিক্রয় করা প্রয়োজন। | (ক) সামাজিক বনায়ন বিধিমালা ২০০৪ অনুযায়ী বিভিন্ন সংস্থার মধ্যে লভ্যাংশ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) মেয়াদ উত্তীর্ণ বাগান বিধি মোতাবেক টেন্ডারে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) কাঠগুলি বিধি মোতাবেক টেন্ডারে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) টেন্ডার হওয়ার পর কার্যাদেশের কপি উপজেলা নির্বাহী অফিসার ও থানাকে প্রদান করতে হবে।<br>(ঙ) টেন্ডার কমিটিতে উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি রাখতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগর। |
| ১৪ | <u>উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, গত ২৯-১১-২০২১খ্রিঃ তারিখে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরোও বলেন - আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে উপজেলার সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজ পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন করা হবে। উক্ত দিবস পালনের বিষয়ে সকল বিদ্যালয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। শ্রেণীকক্ষে ছাত্র-ছাত্রীরা কেউ যাতে মোবাইল ফোন নিয়ে না যায় এবিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের কঠোর নির্দেশনা প্রদান করা হয়েছে। মাদ্রাসাগুলিতে ১৫ আগস্ট | (ক) আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে উপজেলার সকল সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় এবং কলেজ পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সাথে পালন করার বিষয়ে নিশ্চিত করনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | উপলক্ষ্যে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (খ) ১৫ আগস্ট মাদ্রাসাগুলিতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে সজাগ দৃষ্টি দিতে হবে। | |
| ১৫ | <u>উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৮-৮-২০২২খ্রি. তারিখে প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয় -<br>(ক) দৌলৎগঞ্জ মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে চলতি অর্থবছরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে ২০,০০,০০.০০ (দুইলক্ষ) টাকা মাটি ভরাটের কাজ করা হয়েছে। এছাড়া উপজেলা প্রশাসন ১,০০,০০০.০০ (একলক্ষ) টাকা প্রদান করবেন বলে জানান। বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান যে মাঠে আরও ১০০ ট্রাক্টর মাটি দিলে কাজটি সম্পন্ন হবে। | (ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকার মাটি ভরাটের প্রমানাদি উপস্থাপনের জন্য বলা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। |
| | (খ) জীবননগর উপজেলার রায়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ০৩টি ভবনের মোট ০৭টি রুমের জল ছাদ না থাকায় বর্ষা মৌসুমে ছাদে পানিজমে এবং ছাদ চুয়ে পানি পড়ে। উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগীতা কামনা করা হয়। | (খ) রায়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনের বিষয়ে পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |
| | (গ) জীবননগর উপজেলার যাদবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ক্ষতিগ্রস্থ টিনসেডটি এবং পরিত্যাক্ত ০২টি টয়লেট যাতে জরুরীভাবে নিলাম/অপসারণ করা হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (গ) উক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। |
| | (ঘ) উথলী পশ্চিমপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের স্থলে কেটে রাখা ০৯টি শুকনা মেহগুনি গাছ রয়েছে যা নিলাম করা প্রয়োজন। | (ঘ) গাছ নিলামের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। |
| | (ঙ) তেঁতুলিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব সম্পত্তি (যা দানের মাধ্যমে প্রাপ্ত) রক্ষার জন্য মামলা রুজু এবং মামলা পরিচালনা করার জন্য অর্থ বরাদ্দের প্রয়োজন। উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগীতা কামনা করা হয়। | (ঙ) মামলা পরিচালনা ব্যয় নির্বাহের জন্য প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়ে যোগাযোগ করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। |
| | (চ) আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে উপজেলার সকল সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন করা হবে। উক্ত দিবস পালনের বিষয়ে সকল বিদ্যালয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং বিদ্যালয়ে ড্রপ ডাউন ব্যানার স্থাপন নিশ্চিত করা হয়েছে। | (চ) আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে উপজেলার সকল সরকারি ও বেসরকারি প্রাঃ বিঃ যথাযোগ্য মর্যাদার সাথে পালন করার বিষয়ে নিশ্চিত করনের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। |
| ১৬ | <u>উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বলেন যে, গত ২৮-৬-২০২২খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গ্রামীন দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য সমিতি/দল গঠন, পুঁজি গঠন, যৌতুক ও বাল্যবিবাহ রোধ, নারীর ক্ষমতায়ন, স্যানিটেশনে উদ্বুদ্ধ করা, সদস্যদের আয়বর্ধকমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা এবং প্রশিক্ষণ পরবর্তীতে ঋণ সহায়তা প্রদান করা। তিনি সভাকে জানান যে, ২০২২-২৩খ্রি. অর্থবছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ০.৮৫ লক্ষ টাকা জুলাই-২০২২ মাসে অগ্রগতি ০.১৩ লক্ষ টাকা, সঞ্চয় আদায়ের | (ক) উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয় এবং খেলাপী ঋণের জন্য সরকারী পাওনা আদায় আইন-১৯১৩-তে মামলা করতে হবে।<br>(খ) সরকারী পাওনা আদায় আইন-১৯১৩-তে ওয়ারেন্ট ইস্যু | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, জীবননগর।<br>অফিসার ইনচার্জ, |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বার্ষিক লক্ষমাত্রা ১০.৪৮ লক্ষ টাকা এ পর্যন্ত আদায় ০.৪৮ লক্ষ টাকা, ঋণ বিতরণের বার্ষিক লক্ষমাত্রা ৩৯৮.৯৪ লক্ষ টাকা, এ পর্যন্ত বিতরণের পরিমান ২৭.১৮ লক্ষ টাকা। ঋণ আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ৮২.৩৭ লক্ষ টাকা, আদায়ের পরিমান ১৪.৩১ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ১৮% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫%। অত্র দপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্পের মোট খেলাপী ঋণের পরিমান ৬৮.৫৫ লক্ষ টাকা। উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করা হয়। তিনি আরও বলেন, UCC এর চেয়ারম্যান গ্রাহকদের চেক স্বাক্ষর না করায় গ্রাহকরা ঋণ পেতে ভোগান্তি পোহাচ্ছে। উক্ত বিষয়টি দ্রুত সুরাহা হওয়া প্রয়োজন। | করা হলে থানার সাথে সমন্বয় করতে অনুরোধ করা হয়।<br>(গ) UCC এর চেয়ারম্যান-কে ডেকে চেক স্বাক্ষর করাতে হবে। | জীবননগর থানা<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, জীবননগর। |
| ১৭ | <u>উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা প্রকল্প কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, জীবননগর। |
| ১৮ | <u>উপজেলা সমবায় বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - উৎপাদনমুখী সমবায় সমিতি লিঃ ০১টি, U.C.M.P.S – ০৫টি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লিঃ ০৪টি, ইক্ষুচাষী সমবায় সমিতি লিঃ ০৩টি, বহুমুখী সমবায় সমিতি লিঃ ০৪টি, কৃষি সমবায় সমিতি লিঃ ০৪টি, সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি ২৩টি, মৎস্যজীবি সমবায় সমিতি ১১টি, যুব সমবায় সমিতি ০৬টি, ও সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ ৬০টি, সমবায় সমিতিগুলির সদস্যদের নিকট হতে শেয়ার ও সঞ্চয় আদায়ের মাধ্যমে বিভিন্ন প্রকল্প গ্রহন করে নিজেদের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটায়।<br>গত জুলাই মাসে সমবায় সমিতির মাধ্যমে ঋণ বিতরণ- প্রায় ১৫ লক্ষ টাকা। ঋণ আদায়- প্রায় ১১ লক্ষ টাকা। সঞ্চয় আদায়- প্রায় ১ লক্ষ ৫০ হাজার টাকা। এছাড়াও জীবননগর উপজেলার বিভিন্ন সমবায় সমিতি থেকে ২০ জন সদস্য (পুরুষ) ০২ মাসের জন্য সুন্দরনবন টেকনিক্যাল ট্রেনিং সেন্টার খুলনাতে এয়ার কনডিশন ও রেফ্রিজারেটর বিষয়ক প্রশিক্ষণ কোর্সে পাঠানো হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা সমবায় অফিসারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, জীবননগর। |
| ১৯ | <u>পল্লী সঞ্চয় ব্যাংক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। জীবননগর উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক-এর জুলাই-২০২২খ্রিঃ মাসের মাসিক অগ্রগতি প্রতিবেদনের বিবরণী নিম্নে উল্লেখ করা হলো ঃ<br>সমিতি গঠন ক্রমপুঞ্জিত ১৭০টি।<br>সঞ্চয় আদায় মাসে ১.৯৪, বছরে ১.৯৪, ক্রমপুঞ্জিত ২৯৬.৬৪।<br>ঋণ বিতরণ মাসে ৭২.৮৭, বছরে ৭২.৮৭, ক্রমপঞ্জিত ৩৩৩৫.৭১।<br>ঋণ আদায় মাসে ৭৩.২৪, বছরে ৭৩.২৪, ক্রমপঞ্জিত ২৪১৪.২৩। | (ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জীবননগরকে ধন্যবাদ জানানো হয়।<br>(খ) ঋণ আদায়ে আরও গতিশীল করতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জীবননগর। |
| ২০ | <u>উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ মোঃ কামরুজ্জামান, সহকারী উপ-খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস, জীবননগর বলেন যে, গত ০৭-৪-২০২২খ্রিঃ তারিখে বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - জীবননগর উপজেলার খাদ্য বিভাগের ১১-৮-২০২২খ্রি. তারিখ পর্যন্ত খাদ্য শস্যের মজুদ - মোট চাল মজুদ- ৩৭১৫.২৮৩ মেঃ টন। বোরো চাল সংগ্রহ-২২ লক্ষ্যমাত্রা- ৫৫২০.০০০ মেঃ টন। বোরো চাল সংগ্রহ-২২ অর্জন- ২৫৫৮.৭৬০ মেঃ টন। বোরো চাল সংগ্রহ-২২ অবশিষ্ট- ২৯৬১.২৪০ মেঃ টন। চাল সংগ্রহ মূল্য- ৪০/- টাকা, বাজার মূল্য- ৪৭/- টাকা। বোরো ধান সংগ্রহ-২২ লক্ষ্যমাত্রা- ১০৩৫.০০০ মেঃ টন। বোরো ধান সংগ্রহ-২২ অর্জন নাই। ধান সংগ্রহ মূল্য- ২৭/- টাকা, বাজার মূল্য- ৩২/- টাকা। খাদ্য শস্যের মূল্য স্বাভাবিকের চেয়ে উর্ধ্বমুখি। | (ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়।<br>(খ) প্রতিমাসে বাজার মনিটরিং করে রিপোর্ট দিতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-কে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২১ | উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, গত ১২-৫-২০২২খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - ২০২১-২২খ্রি. অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষনের লক্ষ্য মাত্রা ছিল প্রতি ব্যাচে ৩০ জন করে। ১৪টি ব্যাচে ৪২০ জন। অর্জন হয়েছে ৪২০ জন, হার ১০০%। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ছিল- ৩৫,৮০,০০০/- টাকা। বিতরণ করা হয়েছে- ৪৫,৮০,০০০/- টাকা, হার ১০০%।<br>২০২২-২৩খ্রি. অর্থবছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা- ৩৫,৮০,০০০/- টাকা। বিতরণ হয়নি। ভ্রাম্যমান প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা- ১৪ ব্যাচ×৩০ জন=৪২০ জন। অর্জন নাই।<br>চুয়াডাঙ্গা যুব প্রশিক্ষণ কেন্দ্রে ০৩ মাস মেয়াদি প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের জন্য ১১ জন যুবকে পাঠানো হয়েছে। এদের থাকা এবং খাওয়া খরচ সরকার বহন করছে। জুলাই-২২খ্রি. মাসে ঋণ আদায়ের হার ১০০%।<br>যুব কাউন্সিল গঠনের জন্য বিশেষ চাহিদা সম্পন্ন ০৬ জন যুব'র তালিকা প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | ঋণ বিতরণ কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জীবননগর। |
| ২২ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, গত ১৮-৭-২০২২খ্রি. তারিখে মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জীবননগর। |
| ২৩ | অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা হিসাব রক্ষণ অফিসার বলেন যে, গত ২৯-১১-২০২১খ্রিঃ তারিখে অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - জীবননগর উপজেলা পরিষদের সকল ডিডিও এবং এসডিও কর্মকর্তাদের Ibass++ মেন্যু হতে জিপিএফ নমিনি এন্ট্রি দিতে হবে এবং সকল অফিস প্রধানদেরকে জানানো যাচ্ছে যে, তাঁহার অফিসের কোন কর্মকর্তা/কর্মচারী চাকরিরত অবস্থায় মৃত্যু বরণ করলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সকল পাওনাদি পরিশোধের পর পেনশন ও আনুতোষিক মঞ্জুরি আদেশ-সহ পেনশন কেসটি উপজেলা হিসাব রক্ষন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও উপজেলার সকল ডিডিওদেরকে অবগত করে বলেন এখন থেকে সকল বিল পিপিআর-২০০৮ অনুযায়ী করতে হবে। নিয়মের বাহিরে কোন বিল দেওয়া যাবে না। সচ্ছতা জবাব দেওয়ার জন্য হিসাব রক্ষণ অফিস হতে যে সকল বিলগুলি দেওয়া হয় সে বিলগুলি প্রতি মাসের ০৫ তারিখে মধ্যে হিসাবের সংগতি সাধনের জন্য বলা হয়। কিছু কিছু অফিস হিসাবের সংগতি সাধন করে বাকি অফিসগুলি করে না। এজন্য সকল ডিডিওদেরকে ০৫ তারিখে মধ্যে হিসাবের সংগতি সাধন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | (ক) সকল দপ্তরের বিল পিপিআর-২০০৮ অনুযায়ী দিতে হবে। অগ্রিম কোন বিল দেওয়া যাবে না।<br>(খ) হিসাব রক্ষণ অফিস হতে যে সকল বিলগুলি দেওয়া হয় সে বিলগুলি প্রতি মাসের ০৫ তারিখে মধ্যে হিসাবের সংগতি সাধনের জন্য সকল দপ্তরের দপ্তর প্রধানদের বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জীবননগর। |
| ২৪ | উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ১০-৮-২০২২খ্রি. তারিখে জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয় -<br>(ক) জীবননগর উপজেলার সার্বিক স্যানিটেশন অবস্থা সন্তোষজনক। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩খ্রি. অর্থবছরে ২০৮ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দপ্রাপ্ত পানির উৎসের ধরণ নির্বাচন করা প্রয়োজন।<br>(খ) সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩খ্রি. অর্থবছরে বরাদ্দপ্রাপ্ত পানির উৎসের স্থান তালিকা উপজেলা ওয়াটসান | (ক) উপজেলার বিভিন্ন ইউনিয়নে চাহিদার উপর ভিত্তি করে পানির উৎসের ধরণ নির্বাচন করলে তা অধিকতর গ্রহনযোগ্য হবে। এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) উপজেলা ওয়াটসান কমিটির অনুমোদন ব্যাতীত | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর।<br>উপ-সহকারী প্রকৌশলী, |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | কমিটি কর্তৃক অনুমোদন পূর্বক পানির উৎস স্থাপন করতে হবে। অনুমোদন ব্যতিত কোন স্থানে পানির উৎস স্থাপন করা যাবে না মর্মে প্রকল্প দপ্তর হতে নির্দেশনা দেয়া হয়েছে। বরাদ্দপ্রাপ্ত পানির উৎসের স্থান তালিকা পূর্বের ন্যায় ইউনিয়ন ওয়াটসান কমিটি কর্তৃক অনুমোদিত হয়ে উপজেলা ওয়াটসান কমিটির নিকট আসবে এবং উপজেলা ওয়াটসান কমিটি কর্তৃক তা অনুমোদন হবে। উপজেলা ওয়াটসান কমিটির অনুমোদন ব্যতীত কোন স্থানে পানির উৎস স্থাপন করা যাবে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কোন স্থানে পানির উৎস স্থাপন করা যাবে না। এ বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিষয়ে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। |
| | (গ) জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরে প্রবেশের একমাত্র রাস্তাটি উপজেলা মসজিদের সামনে হতে অফিস পর্যন্ত রাস্তাটি চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। একটু বৃষ্টি হলে কাঁদা হয়ে মানুষের চলাচলের সমস্যা হচ্ছে। রাস্তাটি দ্রুত সংস্কার করা প্রয়োজন। উক্ত বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | (গ) উপজেলা পরিষদের অভ্যন্তরে সকল রাস্তায় পানি জমে মানুষের চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। উক্ত রাস্তাগুলি সংস্কার করার জন্য মেয়র, জীবননগর পৌরসভাকে বিশেষভাবে অনুরোধ করা হয়। | মেয়র, জীবননগর পৌরসভা। |
| ২৫ | <u>উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসের প্রতিনিধি জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - জুলাই-২০২২খ্রি. মাসে সাব-রেজিস্ট্রার অফিস হতে নগত আদায় -<br>মোট দলিলের সংখ্যা- ৪২৭ টি।<br>নগদ আদায়- ৬৪,৬৫৯/- টাকা।<br>পে-অর্ডার নগদ আদায়- ৯,৬৩,৫৩৮/- টাকা।<br>তালাশ নগদ আদায়- ২,৪২৫/- টাকা।<br>নকল থেকে নগদ আদায়- ২০,৪৭৩/- টাকা।<br>স্থানীয় কর আদায়- ১% - ২৬,৬৩,৬৪৩/- টাকা।<br>উৎস কর আদায়- ২% -.১১,৪৭,৪০০/- টাকা।<br>সর্বমোট- ৪৮,৬২,১৩৮/- (আটচল্লিশ লক্ষ বাষট্টি হাজার একশত আটত্রিশ) টাকা মাত্র। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা সাব-রেজিস্ট্রারকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা সাব-রেজিস্ট্রার, জীবননগর। |
| ২৬ | <u>উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রম</u> ঃ<br>উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - আগামী সেপ্টেম্বর-২০২২খ্রি. মাস থেকে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম শুরু হবে। মেয়র, জীবননগর পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ করে বলেন যে, আপনারা জন্ম নিবন্ধনগুলি দ্রুত সময়ের মধ্যে করে দিবেন এবং যখন জন্ম নিবন্ধন করবেন তখন সঠিক তথ্যের ভিত্তিতে জন্ম নিবন্ধন করবেন। জন্ম নিবন্ধন সঠিক করলে যারা নতুন ভোটার হবে তখন জন্ম নিবন্ধন অনুযায়ী ভোটার তালিকা/এন.আই.ডি কার্ড করা হবে। জন্ম নিবন্ধনের তথ্য সঠিক হলে ভোটার তালিকা/এন.আই.ডি কার্ড সঠিক হবে। এবিষয়ে গুরুত্ব দেওয়ার জন্য আবারও অনুরোধ করা হয়। আগামী ডিসেম্বর-২০২২খ্রি. মাসে উথলী, মনোহরপুর এবং কেডিকে ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠিত হবে। এই ৩টি ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়-সহ সংশ্লিষ্ট সবাইকে সহযোগিতার জন্য অনুরোধ করা হয়। | ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে নির্বাচন কমিশনকে সর্বোচ্চ সহযোগিতা করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, জীবননগর ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। |
| ২৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - উপজেলা পরিষদের অনুকুলে টি. আর এবং কাবিখা'র বরাদ্দ দিয়েছে। টি. আর এর বরাদ্দ- ২৬,০৬,৩৮৮/- টাকা। কাবিখা'র বরাদ্দ- ৩৩,৭৩,২৪১/- টাকা। চাল বরাদ্দ- ২২.৪৮৮৫ মেঃ টন এবং গম বরাদ্দ- ২২.৪৮৮৫ মেঃ টন। আগামী সপ্তাহে উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উপস্থিতিতে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের নিয়ে উপ-বরাদ্দ করে দেওয়া হবে। সে মোতাবেক আপনারা তালিকা দাখিল করবেন। | টি: আর এর বরাদ্দ মসজিদ, মাদ্রাসা, মন্দির-সহ অন্যান্য প্রতিষ্ঠান ভিত্তিক দিতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জীবননগর ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২৮ | সহকারী জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লি বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - বর্তমান ৭৫% বিদ্যুৎ সরবরাহ করতে সক্ষম হয়েছি। দিন-রাত ২৪ ঘন্টায় ৫-৬ ঘন্টা প্রত্যেক লাইনে লোডশেডিং দেওয়ার প্রয়োজন হয়েছে। গত বছরের থেকে এবছর বিদ্যুৎ এর চাহিদা অনেক কম। সেক্ষেত্রে সর্বোচ্চ ২-৩ ঘন্টা লোডশেডিং দেওয়ার প্রয়োজন হয়েছে। বর্তমানে লোডশেডিং চালু আছে। আমরা বিদ্যুৎ সাশ্রয় করবো। সবাইকে বিদ্যুৎ সাশ্রয়ে সতর্ক থাকতে হবে। | বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। | জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লি বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, জীবননগর। |
| ২৯ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, জীবননগর। |
| ৩০ | উপজেলা পরিসংখ্যান তদন্তকারি বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা পরিসংখ্যান তদন্তকারিকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান তদন্তকারি, জীবননগর। |
| ৩১ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত জুলাই ২০২২খ্রি. মাসে ০২টি অগ্নিকান্ড সংঘঠিত হয়েছে। অগ্নিকান্ড ০২টি আমরা সফলভাবে মোকাবেলা করতে সক্ষম হয়েছি। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় স্টেশন অফিসার, ফায়ার সার্ভিসকে ধন্যবাদ জানানো হয়। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর। |
| ৩২ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস উদ্যাপন উপলক্ষ্যে জীবননগর উপজেলার সকল মসজিদে বাদ যোহর দোয়া অনুষ্ঠানের জন্য নির্দেশনা দেওয়া হবে। এছাড়াও মসজিদ ভিত্তিক যে শিশু ও গণশিক্ষা কার্যক্রম আছে সেই সেন্টারগুলিতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে এবং বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হয়েছে। উপজেলা পর্যায়ে কোরআন খতম, দোয়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। | আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর। |
| ৩৩ | উপজেলা ব্যবস্থাপক-৮৮৯, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা ব্যবস্থাপক-৮৮৯, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা ব্যবস্থাপক-৮৮৯, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, জীবননগর। |
| ৩৪ | উপজেলা তথ্যসেবা সহকারী বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় উপজেলা তথ্যসেবা সহকারীকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা তথ্যসেবা সহকারী, জীবননগর। |
| ৩৫ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ওয়েব পোর্টাল ঃ<br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে সভাকে জানান। তিনি আরও বলেন - জীবননগর উপজেলার সকল সরকারি অফিস, ইউনিয়ন ও উপজেলা ওয়েবপোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল তথ্য হালনাগাদ করতে উপজেলার সকল কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও ইউডিসি উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য আপলোড করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিতভাবে পরিদর্শন করে ল্যাবে ট্রেনিং এর প্রতিবেদন নেওয়া হচ্ছে। এমএমসি-তে রেজিস্ট্রেশনভূক্ত প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠান যাহাতে মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাশ পরিচালনার সাথে সাথে রিপোর্ট আপলোড | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম যথাযথ পরিচালনা করতে হবে। ১০০% ওয়েব পোর্টালের কাজ সম্পন্নসহ নিয়মিত তথ্য আপডেট করতে হবে এবং এমএমসি-তে শতভাগ রিপোর্ট আপলোড করতে হবে। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জীবননগর। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | করতে পারে সে বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | | |
| ৩৬ | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করায় চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদকে ধন্যবাদ দেওয়া হয়। | চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৩৭ | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন - আন্দুলবাড়ীয়া ইউনিয়নের কুলতলা গ্রামে একটি কমিউনিটি স্কুল আছে। স্কুলটি নিয়ে গ্রামের মানুষদের মধ্যে যে কোন সময় সংঘর্ষ সৃষ্টি হতে পারে। সাধারণ মানুষের বক্তব্য অনুযায়ী ইতোপূর্বে একজন শিক্ষা অফিসার বলেছেন স্কুলের জমির পাশে একজনের জমি আছে সে স্কুলের জমির মধ্যে ঘর করেছে। আমি চৌকিদার পাঠিয়ে ঘর না করার জন্য নিষেধ করেছি তারপরও সে ঘর করেছে। ইউনিয়ন পরিষদের মাধ্যমে সার্ভেয়ার দিয়ে জমি মাপ করনের সময় ঘর বেধে গিয়েছে তারপরও সে ঘর ভাঙ্গতে চাচ্ছে না। উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার ও চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ উপজেলা ভূমি অফিসের সার্ভেয়ারের মাধ্যমে জমির সীমানা নির্বারণের উদ্যোগ গ্রহণ করবে। | সহকারী কমিশনার ভূমি, চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ ও উপজেলা শিক্ষা অফিসার, জীবননগর। |
| ৩৮ | চেয়ারম্যান, সীমান্ত ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - সীমান্ত ইউনিয়নের ০৯টি ওয়ার্ডের ০৯টি মসজিদে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের মাধ্যমে ৫০,০০০/- টাকা করে দেওয়া হয়েছে। পুণরায় ১৫ দিনের মধ্যে ০৩টি মসজিদে টাকা দেওয়া হয়। এজন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের ধন্যবাদ জানানো হয়। সীমান্ত ইউনিয়নে একটি করতোয়া নদী আছে। সেই নদীর উপরে কোন ব্রীজ নাই। হরিপুর, হাবিবপুর, বেনীপুর, ধান্যখোলা ও হরিহরনগর গ্রামের মানুষের অনেক দিনের চাওয়া এখানে একটি ব্রীজ হবে। ব্রীজটি হলে গ্রামের কৃষকদের ফসলাদি সহজে আনায়ন করা সম্ভব হবে। এজন্য করতোয়া নদীর উপরে একটি ব্রীজ প্রয়োজন। উক্ত বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | উক্ত ব্রীজটি নির্মাণের বিষয়ে তদন্ত করে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অবগত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |
| ৩৯ | চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস। উক্ত শোক দিবস উপলক্ষ্যে রায়পুর ইউনিয়ন পরিষদের আয়োজনে দোয়া অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হবে। | আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বাঁকা ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৪০ | চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস। উক্ত শোক দিবস উপলক্ষ্যে হাসাদাহ ইউনিয়ন পরিষদের আয়োজনে দোয়া অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হবে। | আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, হাসাদাহ ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৪১ | চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস। উক্ত শোক দিবস উপলক্ষ্যে রায়পুর ইউনিয়ন পরিষদের আয়োজনে দোয়া অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হবে। | আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৪২ | চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - (ক) আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস। উক্ত শোক দিবস উপলক্ষ্যে মনোহরপুর ইউনিয়ন পরিষদের আয়োজনে দোয়া | (ক) আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য চেয়ারম্যান, | চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হবে।<br><br>(খ) মনোহরপুর থেকে সন্তোষপুর এবং মনোহরপুর থেকে ধোপাখালী এই ০৪ কিঃ মিঃ রাস্তার ভিতরে ভৈরব নদীর ঐপাশে ২-৩ হাজার বিঘা জমি আছে। কিন্তু নদীর ঐপাশে যাওয়ার কোন ব্যবস্থা নাই। কৃষকদের ঐজমিতে গিয়ে চাষাবাদ করার কোন সুযোগ নাই। উক্ত স্থানে একটি ব্রিজ করার বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | মনোহরপুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়।<br><br>(খ) ব্রীজ করার পূর্বে যেখানে ব্রীজ হবে সেখানে রাস্তা করার ব্যবস্থা গ্রহনের জন্য চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদকে নির্দেশনা প্রদান করা হয়। | জীবননগর। |
| ৪৩ | চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন - গ্রামের সাধারণ চাষীরা ইউরিয়া সার সরকারের নির্ধারিত দামে দোকান থেকে ক্রয় করতে পারছে না। তাদেরকে বেশী দামে ক্রয় করতে হচ্ছে। সারের ডিলারের কাছে সার ক্রয় করতে গেলে তারা বলছে সারের সংকট আছে এখন সার নাই। কিন্তু ডিলার বাদে সাধারণ দোকানে অধিক সার পাওয়া যাচ্ছে। তাদেরকে নির্ধারিত দাম ছাড়া বেশী টাকা দিলে সার দিয়ে দিচ্ছে। তাহলে ডিলার বাদে অন্যান্য দোকানে সার কিভাবে পাচ্ছে। এভাবে চলতে থাকলে সারের ডিলারদের কারনে সরকারেরর মর্যাদা ক্ষুন্ন হবে। উক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | (ক) সারের বিষয়ে মনিটরিং বাড়ানোর জন্য উপজেলা কৃষি অফিসার-কে অনুরোধ করা হয়।<br><br>(খ) সার যে সকল কৃষকের কাছে বিক্রয় করা হয়েছে তাদের তালিকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের ইমেইলে প্রেরণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, জীবননগর ও চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর। |
| ৪৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে - কৃষি অফিসের তথ্য অনুযায়ী সারের দাম কেজিতে ৬/- টাকা বাড়ার কারনে জীবননগর বাজারে কৃত্রিম সার সংকট তৈরী করেছে ডিলারগণ। যার কারনে কৃষক সার পাচ্ছে না। কৃষক বাচলে বাংলাদেশের মানুষ বাচবে। উক্ত সারের বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করা হয়। | সারের গোডাউনে মনিটরিং বৃদ্ধির জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, জীবননগর। |
| ৪৫ | <u>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ব্যয় সংক্রান্তঃ</u><br>(ক). জুলাই-২০২২খ্রি. মাসে জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়, মহিলা ভাইস চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা - মালি, ঝাড়ুদার ও পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীগণের মজুরী - উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানদ্বয়ের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন - উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় এবং উপজেলা পরিষদের ইন্টারনেট বাবদ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করা হয়েছে -<br><br>(০১) জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জুলাই-২০২২খ্রি. মাসের সম্মানী ভাতা - ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই-২০২২খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর জুলাই-২০২২খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা মাত্র।<br><br>(০২) জুলাই-২০২২খ্রি. মাসের উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন ব্যয় বাবদ-৩৭,৯১০.০০ (সাইত্রিশ হাজার নয়শত দশ) টাকা মাত্র। | (ক-১) উক্ত আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়, মহিলা- ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ধ) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান-দ্বয়ের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(০২) উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর ও উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | আপ্যায়ন বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(জ) অনুচ্ছেদ এর "আপ্যায়ন ব্যয়" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (০৩) জুলাই-২০২২খ্রি. মাসের উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় বাবদ- ৪,৯৮৫.০০ (চার হাজার নয়শত পঁচাশি) টাকা মাত্র। | (০৩) উক্ত অফিস আনুষঙ্গিক বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঝ) অনুচ্ছেদ এর "আনুষঙ্গিক" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (০৪) জুলাই-২০২২খ্রি. মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট বিলের ব্যয় বাবদ- ৪,৪০০.০০ (চার হাজার চারশত) টাকা মাত্র। | (০৪) উক্ত ইন্টারনেট বিল বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঢ) অনুচ্ছেদ এর "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (০৫) জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) মালি পদে নিয়োজিত কর্মচারীকে জুলাই-২০২২খ্রি. মাসের মজুরী বাবদ - ১৪,৩০০.০০ (চৌদ্দ হাজার তিনশত) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীকে জুলাই-২০২২খ্রি. মাসের মজুরী বাবদ - ১৪,৩০০.০০ (চৌদ্দ হাজার তিনশত) টাকা মাত্র। | (০৫) উক্ত মালি ও ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীগণের মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ত) অনুচ্ছেদ এর "মালি/সুইপার নিয়োগ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (০৬) জীবননগর উপজেলা পরিষদে মাসিক বেতনের ভিত্তিতে পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীকে জুলাই-২০২২খ্রি. মাসের মজুরী বাবদ - ৬,০০০.০০ (ছয় হাজার) টাকা মাত্র। | (০৬) উক্ত পরিষ্কার পরিচ্ছন্ন কর্মী পদে নিয়োজিত কর্মচারীর মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ভ) অনুচ্ছেদ এর "বর্জ্য ব্যবস্থাপনা/পরিষ্কার পরিচ্ছন্নতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (খ) উপজেলা পরিষদের পদ্মা ভবনটির দ্বিতীয় তলা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। উক্ত কার্যালয়ে আই, জি, এ প্রকল্পের ট্রেনিং সেন্টার হিসাবে দীর্ঘদিন ধরে ব্যবহার হয়ে আসছে। উক্ত ভবনটির ০২টি ওয়াশরুমই নষ্ট এবং দূর্গন্ধ ছড়াচ্ছে। প্রশিক্ষণার্থী মহিলারা প্রতিনিয়ত ওয়াশরুমের সমস্যা ভোগ করছে এবং দূর্গন্ধ ক্লাসে বসতে পারছে না। ভবনের ০২টি ওয়াশরুমের ০২টি নতুন প্যান ক্রয় এবং ০২টি সেপ্টি ট্যাঙ্কি পরিষ্কার করতে হবে। ০২টি নতুন প্যান ক্রয় ও সেপ্টি ট্যাঙ্কি পরিষ্কার বাবদ- ৮,৩০০.০০ (আট হাজার তিনশত) টাকা মাত্র ব্যয় হবে এবং উপজেলা চেয়ারম্যান-এর বাসভবন ও উপজেলা পরিষদের সম্প্রসারিত | (খ) উপজেলা পরিষদের পদ্মা ভবনের ০২টি নতুন প্যান ক্রয় ও সেপ্টি ট্যাঙ্কি পরিষ্কার এবং উপজেলা চেয়ারম্যান-এর বাসভবন ও উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবনের পানি সাপ্লাইয়ের মটর ০২টির ক্রয়-সহ সর্বমোট বিলের পরিমাণ- ৮,৩০০+১৬,৬০০=২৪,৯০০/- | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ভবনের পানি সাপ্লাইয়ের মটর অনেক দিনের পুরাতন হওয়ায় কিছু দিন পর পর নষ্ট হয়ে যায় যা পানি সরবরাহের সমস্যা দেখা দেয়। উপজেলা প্রকৌশলী দপ্তরের ইলেকট্রিশিয়ান বলেন মটর ০২টি ব্যবহারের অনুপযোগী হওয়ায় দ্রুত পরিবর্তন করা প্রয়োজন। সে মোতাবেক মটর ০২টির ক্রয় মূল্য ১৬.৬০০.০০ (ষোল হাজার ছয়শত) টাকা মাত্র। সর্বমোট বিলের পরিমাণ- ৮,৩০০+১৬.৬০০=২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত) টাকা মাত্র। উক্ত মালামালগুলি ক্রয় করে কাজগুলি দ্রুত সম্পন্ন করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (চব্বিশ হাজার নয়শত) টাকা মাত্র। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ক) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) উপজেলা নির্বাহী অফিসারের আবাসিক বাসভবনের বিদ্যুৎ লাইনের তার অনেক দিনের পুরাতন হওয়ায় প্রায়ই শর্টসার্কিট দেখা দেয়। যখন তখন দূর্ঘটনার সৃষ্টি হতে পারে। উপজেলা প্রকৌশলী অফিসের ইলেকট্রিশিয়ান পরিদর্শন করে দেখেন বিদ্যুৎ লাইনের তার, বাল্ব-সহ অন্যান্য বিদ্যুৎ-এর মালামাল সামগ্রী পরিবর্তন করা প্রয়োজন। সে মোতাবেক জরুরী ভিত্তিতে গত ২১-৭-২০২২খ্রি. তারিখে মালামাল ক্রয় করে পরিবর্তন করা হয়েছে। উক্ত কাজের মালামাল ক্রয় বাবদ বিল- ২৪,৯৫০.০০ (চব্বিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা মাত্র এবং উক্ত বাসভবনের চারিদিকে সন্ধ্যার পর অন্ধকারাচ্ছন্ন হয়ে থাকে। সেকারণে নিরাপত্তার জন্য ভবনের চারিদিকে প্রাচীরের উপরে বাল্ব লাগিয়ে আলোকিত করা হয়। সে মোতাবেক জরুরী ভিত্তিতে গত ২৪-৭-২০২২খ্রি. তারিখে মালামাল সামগ্রী ক্রয় করে কাজগুলি দ্রুত সম্পন্ন করা হয়েছে। উক্ত কাজের মালামাল ক্রয় বাবদ বিল- ২৪,৯১০.০০ (চব্বিশ হাজার নয়শত দশ) টাকা মাত্র। উক্ত কাজগুলির মালামাল-সহ অন্যান্য সামগ্রীর বিল পরিশোধ করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (গ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বিদ্যুৎ লাইনের তার, বাল্ব-সহ অন্যান্য বিদ্যুৎ-এর মালামাল সামগ্রী ক্রয় বাবদ বিল- ২৪,৯৫০.০০ (চব্বিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা মাত্র এবং বাসভবনের চারিদিকে প্রাচীরের উপরে বাল্ব-সহ অন্যান্য মালামাল সামগ্রী ক্রয় বাবদ বিল- ২৪,৯১০.০০ (চব্বিশ হাজার নয়শত দশ) টাকা মাত্র। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ক) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/ সংরক্ষণ/রংকরণ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঘ) উপজেলা চেয়ারম্যান অফিসের নতুন টেবিল ক্রয় করা হয়েছিল। কিন্তু টেবিলের গ্লাস ক্রয় করা হয়নি। উক্ত সরবরাহকৃত টেবিলের গ্লাস গত ২৭-৭-২০২২খ্রি. তারিখে ক্রয় করা হয়েছে যার বিল ২৪,৮৯০.০০ (চব্বিশ হাজার আটশত নব্বই) টাকা মাত্র এবং উপজেলা পরিষদের সি.এ- এর টেবিলের গ্লাস ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সহকারী প্রশাসনিক কর্মকর্তার অফিস কক্ষের টেবিলের গ্লাস গত ৩১-৭-২০২২খ্রি. তারিখে ক্রয় করা হয়েছে যার বিল- ২৪,৯০০.০০ (চব্বিশ হাজার নয়শত) টাকা মাত্র। উক্ত গ্লাসের বিলগুলি পরিশোধ করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (ঘ) উপজেলা চেয়ারম্যান অফিসের টেবিলের গ্লাস ক্রয় বাবদ বিল ২৪,৮৯০.০০ (চব্বিশ হাজার আটশত নব্বই) টাকা মাত্র এবং উপজেলা পরিষদের সি.এ- এর টেবিলের গ্লাস এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সহকারী প্রশাসনিক কর্মকর্তার অফিস কক্ষের টেবিলের গ্লাস ক্রয় বাবদ বিল- ২৪,৯০০.০০ (চব্বিশ হাজার নয়শত) টাকা মাত্র উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ছ) অনুচ্ছেদ এর "আসবাবপত্র সংগ্রহ/মেরামত" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪৬ | <u>মাদকবিরোধী জনসচেতনতামূলক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা</u> ঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জীবননগর উপজেলা একটি সীমান্তবর্তী এলাকা। এই এলাকায় মাদকসেবীদের আনাগোনা প্রায়ই দেখা যায়। এজন্য মাদকের বিরুদ্ধে আমাদের সবাইকে সচেতন থাকতে হবে। মাদক নির্মূল করতে হলে সর্বপ্রথম জনপ্রতিনিধি/সুশীল সমাজকে এগিয়ে | মাদক বিরোধী জন-সচেতনতা কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, অফিসার, ইনচার্জ, |

| | | | |
|---|---|---|---|
| | আসতে হবে। প্রত্যেক ইউনিয়নে মাদকবিরোধী প্রচার-প্রচারণা করতে হবে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা সচেতন থাকলে মাদক নির্মুল করা সম্ভব হবে। মাদক মুক্ত করার লক্ষ্যে পুলিশ সবসময় সোচ্চার থাকবে এবং মাদক বিরোধী অভিযান নিয়মিত চলমান থাকবে। মাদক সমাজ ও জাতিকে ধ্বংসের মুখে ঠেলে দেয়। মাদকমুক্ত সমাজ না গড়তে পারলে কোন জাতি উন্নত হয় না। সর্বনাশা নেশার চোরা স্রোতে তলিয়ে যেতে বসেছে আমাদের তরুণ সমাজ। এজন্য চিন্তিত হয়ে পড়েছেন অভিভাবকরা। মাদকাসক্তের সংখ্যা যাতে বৃদ্ধি না পায় সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। মাদক পাচার এবং মাদকাসক্তের হার কমানোর জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে সরকার। মাদকের বিরূপ প্রভাব সম্পর্কে সবার মধ্যে সচেতনতা থাকতে হবে। মাদকের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি ও মাদকের ভয়াল থাবা থেকে যুবসমাজকে দুরে রাখতে হবে। তরুন সমাজসহ পরিবারের অভিভাবকবৃন্দেরও সচেতন হতে হবে। তাহলে মাদক নির্মুল করা সম্ভব হবে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | - | জীবননগর থানা ও সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। |
| ৪৭ | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন -<br>উপজেলা পরিষদ সুপার মার্কেট ভাড়া প্রদানের নিমিত্ত গত ২১ জুলাই ২০২২খ্রি. তারিখে দৈনিক মাথাভাঙ্গা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং আবেদনের শেষ তারিখ নির্ধারণ ছিলো ২৬ জুলাই-২০২২খ্রি.। ০১/১০ নং দোকান ভাড়া নেওয়ার জন্য জনাব মো: জাহিদুল ইসলাম, পিতা: মো: শহিদুল ইসলাম, সাং- সুবলপুর, ওয়ার্ড নং- ০১, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা। ০২/১০ নং দোকান ভাড়া নেওয়ার জন্য জনাব মোছা: আফরোজা হক, স্বামী মো: আশাবুল হক, সাং- জীবননগর বসুতিপাড়া, ওয়ার্ড নং- ০৮, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা। ০৩/১০ নং দোকান ভাড়া নেওয়ার জন্য জনাব মো: সজিব হোসেন, পিতা মো: শহিদুল ইসলাম, সাং- বৈদ্যনাথপুর, ডাকঘর: হাসাদাহ, জীবননগর, চুয়াডাঙ্গা। ০৪/১০ নং দোকান ভাড়া নেওয়ার জন্য জনাব মো: আ: রহমান, পিতা: নিমাই চন্দ্র কর্মকার, সাং- শাপলাকলিপাড়া, ওয়ার্ড নং- ০৭, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা। ০৫/১০ নং দোকান ভাড়া নেওয়ার জন্য জনাব মো: জহিরুল ইসলাম, পিতা: মো: মফিজ উদ্দিন, সাং- বসুতিপাড়া, ওয়ার্ড নং- ০৮, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা। ০৬/১০ নং দোকান ভাড়া নেওয়ার জন্য জনাব মো: জহিরুল ইসলাম, পিতা: মো: মফিজ উদ্দিন, সাং- বসুতিপাড়া, ওয়ার্ড নং- ০৮, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা। ০৭/১০ নং দোকান ভাড়া নেওয়ার জন্য জনাব মো: ফারুক আহমেদ, পিতা: মৃত: রওশন আলী, সাং- সুবলপুর, ওয়ার্ড নং- ০১, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা। ০৮/১০ নং দোকান ভাড়া নেওয়ার জন্য জনাব মো: গোলাম রসুল, পিতা: মৃত: রুস্তম আলী মন্ডল, সাং- কোর্টপাড়া, ওয়ার্ড নং- ০৬, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা। ০৯/১০ নং দোকান ভাড়া নেওয়ার জন্য জনাব মাবুফা হক, পিতা: আলহাজ ফজলুল হক, সাং- হাসপাতালপাড়া, ওয়ার্ড নং- ০৬, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা এবং ১০/১০ নং দোকান ভাড়া নেওয়ার জন্য জনাব আবুল কাশেম, পিতা: মো: আ: আজিজ মন্ডল, সাং- জীবননগর পোস্ট অফিসপাড়া, ওয়ার্ড নং- ০৭, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা আবেদন করেছেন। দাখিলকৃত আবেদনপত্রগুলির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উক্ত আবেদনপত্রগুলি যাচাই-বাছাই করা হয়। যাচাই-বাছাই করে দেখা যায় আবেদনপত্রগুলি সঠিক আছে। উক্ত আবেদন পত্রের প্রেক্ষিতে প্রত্যেকের পাশে বর্ণিত দোকান ঘর বরাদ্দ প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ৪৮ | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন যে, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ব্যানবেইস এর ০৭-১১-২০২১খ্রিঃ তারিখের ৩৭. ২০. ০০০০. ০০৫. ১৪. ০৮৯. ১৯/ ২১৫ নং স্মারকের শিক্ষা মন্ত্রণালয়ধীন "এস্টাবলিশমেন্ট অব ১৬০ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) Phase-2" শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা মাধ্যমিক শিক্ষার ব্যানবেইজ ভবন নির্মাণের জায়গায় আম গাছ ০৩টি, আকাশ মনি- ০২টি, বহেরা গাছ- ০১টি | উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা মাধ্যমিক শিক্ষার ব্যানবেইজ ভবন নির্মাণের জায়গায় আম গাছ ০৩টি, আকাশ মনি- ০২টি, বহেরা গাছ- ০১টি ও আমলকি গাছ- ০১টি উপযুক্ত কমিটির মাধ্যমে | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর, উপজেলা প্রকৌশলী, জীবননগর ও |

| | | | |
|---|---|---|---|
| | ও আমলকি গাছ- ০১টি মৃত অবস্থায় আছে। মরা গাছগুলি পচে নষ্ট হয়ে নিচে ভেঙ্গে পড়ছে। অপরদিকে উক্ত ভবন নির্মাণের জন্য ইট, বালী, খোয়া-সহ অন্যান্য মালামাল ঠিকাদার কর্তৃক সরবরাহ করা হয়েছে। গাছগুলি দ্রুত অপসারণ না করলে নতুন ভবন নির্মাণ করা সম্ভব হচ্ছে না। উক্ত বিষয়ে সভায় আলোচনা করলে সকল সদস্য একমত পোষণ করেন বলেন অফিস ভবন নির্মাণের জরুরী প্রয়োজনে এবং সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডের স্বার্থে গাছগুলি স্থানীয় সরকার বিভাগ, উপ-২ শাখার ১৫-৮-২০০৭খ্রি. তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকে জারীকৃত পরিপত্রে গঠিত কমিটির মাধ্যমে মূল্য নির্ধারণপূর্বক জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন সাপেক্ষ্যে নিলামে বিক্রয় করা যেতে পারে। | মূল্য নির্ধারণপূর্বক নিলামে বিক্রয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগর। |
| ৪৯ | উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন যে, উথলী ইউনিয়নে পরিবার পরিকল্পনার এফ. ডব্লিউ. সি এর বিল্ডিং হওয়ার কথা। বিল্ডিংটি হওয়ার জন্য ইউনিয়ন পরিষদের রেজুলেশন প্রয়োজন। উক্ত বিষয়ে রেজুলেশন করে পরিবার পরিকল্পনা দপ্তরে দেওয়ার জন্য চেয়ারম্যান, উথলী ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। সারের বিষয়ে সমাধানের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। কোন দোকানে যদি সারের নির্ধারিত মূল্যের চেয়ে বেশী দামে সার বিক্রয় করে তাহলে আমাকে অবগত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। বাংলাদেশের মত সারা বিশ্বব্যাপী বিদ্যুৎ সংকট দেখা দিয়েছে। আমরা বিদ্যুৎ সাশ্রয়ে সতর্ক থাকবো। অপ্রয়োজনে কেউ বিদ্যুৎ ব্যবহার করবো না। এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। পশু চিকিৎসার নামে গ্রামগঞ্জে যেসকল পশু ডাক্তাররা অপচিকিৎসা দিয়ে বেড়াচ্ছেন তাদের যদি সার্টিফিকেট না থাকে তাহলে আমাকে জানাবেন আমি তাদেরকে আইনের আওতায় এনে ব্যবস্থা গ্রহন করবো। সামনে হিন্দু ধর্মের দূর্গাপূজা অনুষ্ঠিত হবে। এই দূর্গাপূজায় যেন কোন ধরনের অপ্রিতিকর ঘটনা না ঘটে এবিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। কেডিকে ইউনিয়নের ০৩ নং ওয়ার্ড কাশীপুর মালোপাড়ার টিকুল-এর বাড়ী হইতে বসু হালদার-এর বাড়ী পর্যন্ত ভৈরব নদীর পাড়ে গাইডওয়াল-এর কাজ প্রাক্কলন অনুযায়ী হয়নি কাজটি ঠিকাদার অসম্পন্ন করে বিল তুলে নিয়েছেন এবং ০৫ নং ওয়ার্ড কাশীপুর দক্ষিণপাড়া কবরস্থানের অভ্যন্তরে লাশ রাখা ঘর সম্পন্ন হয়েছে কিনা-এর বিষয়ে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। সামনে বাঙ্গালী জাতির ইতিহাসে এক কালো অধ্যায় ১৫ আগস্ট। এই জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় উপজেলা প্রশাসন আয়োজন করবে। সরকারের নির্দেশনা মেনে সকল দপ্তর-সহ আপামর জনসাধারণকে অংশ গ্রহনের জন্য বলা হয়। | | |
| ৫০ | মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২, মহোদয় বলেন যে, জীবননগর উপজেলার বিআরডিবি চেয়ারম্যান দীর্ঘ ২২ বছর ধরে ক্ষমতা ধরে রেখেছেন যা এইভাবে চলতে দেওয়া যাবে না। তার বিরুদ্ধে জনমত তৈরী করতে হবে। এ বিষয়ে আমি দেখবো এবং উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে উক্ত বিষয়টি দেখার জন্য অনুরোধ করা হয়। কোন কৃষকের কাছে সার অতিরিক্ত দামে বিক্রয় করা যাবে না। যদি কোন সার ব্যবসায়ী অতিরিক্ত দামে সার বিক্রয় করে তাহলে উপজেলা প্রশাসনের কাছে অবগত করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ-সহ সকলকে অনুরোধ করা হয়। উপজেলা আইন-শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক রাখতে হবে এবং মাদক বিরোধী অভিযান অব্যহত রাখাতে অফিসার ইনচার্জ, জীবননগর থানাকে অনুরোধ করা হয়। জীবননগর উপজেলার যেসকল রাস্তাগুলি আইডিভূক্ত হয়নি সেই রাস্তাগুলি আইডিভুক্ত করার বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। করোনা ভাইরাসের বুস্টার ডোজ ভ্যাকসিন কার্যক্রম সুষ্টু ও সুন্দরভাবে পরিচালনা করায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়। আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবস। সরকারি নির্দেশনা অনুযায়ী এই দিবসটি যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধান, সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-সহ অন্যান্য দপ্তর/প্রতিষ্ঠানকে বিশেষভাবে অনুরোধ করা হয়। | | |

আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় আলোচিত বিষয়ের চুম্বক অংশগুলির প্রতি পুনঃ আলোকপাত করেন। তিনি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। স্থায়ী কমিটিগুলির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/সদস্য-সচিবগণকে অনুরোধ জানান। কোন সারের ডিলার যদি অতিরিক্ত দামে সার বিক্রয় করে বা কৃষকদের সার না দেয় তাহলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করতে হবে। কেডিকে ইউনিয়নের কাশীপুর গ্রামে গাইডওয়াল-এর কাজ প্রাক্কলন অনুযায়ী হয়নি এবং ০৫ নং ওয়ার্ড কাশীপুর দক্ষিণপাড়া কবরস্থানের অভ্যন্তরে লাশ রাখা ঘর সম্পন্ন হয়েছে কিনা-এর বিষয়ে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। আমরা বিদ্যুৎ সাশ্রয়ে সতর্ক থাকবো। অপ্রয়োজনে কেউ বিদ্যুৎ ব্যবহার করবো না। উপজেলা পরিষদের অভ্যন্তরে সকল রাস্তায় পানি জমে মানুষের চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। উক্ত রাস্তাগুলি সংস্কার করার জন্য মেয়র, জীবননগর পৌরসভাকে অনুরোধ করা হয়। আগামী ১৫ আগস্ট ২০২২খ্রি. তারিখে জাতীয় শোক দিবস। উক্ত দিবসটি যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য সবাইকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

11.11/8/2022

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০২-৪৭৭৭৮৯৯৭৭
uzcjibannagar@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ০৫.৪৪.১৮৫৫.০০০.০৬.০০১.২০২২-১০২৫(৫০) তারিখ ঃ ১৭-৮-২০২২খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা- ২ ।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৬। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৯। উপজেলা ................................................... অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা ।
১০। চেয়ারম্যান ........................................... ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১১। ০১ নং সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১২। জনাব ............................................................ জীবননগর, চুয়াডাঙ্গা।

(মোঃ আরিফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০২-৪৭৭৭৮৯৭০১
unojibannagar@mopa.gov.bd